

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর



Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : college@dinajpureducationboard.gov.bd

স্মারক নং- ৬/কল/লাল/১৯৫/৪৩৭

তারিখঃ ১০/০৭/২০১৭

বিষয় : ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণীতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.১১.০৪৬.২০১৫-২১২, তারিখঃ ১৪/০৬/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহ সহ মোশারফ হোসেন প্রধান মহাবিদ্যালয়-এ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণীতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করেছেন। এই অনুমতি কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

## শাখা সমূহঃ

১। মানবিক ২। বিজ্ঞান ৩। ব্যবসায় শিক্ষা।

আবশ্যিক বিষয় :

- (১) বাংলা
- (২) ইংরেজি
- (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

নৈর্বাচনিক বিষয় :

(ক) মানবিক শাখা :

- ১। অর্থনীতি।
- ২। পৌরনীতি ও সুশাসন।
- ৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।
- ৪। ইতিহাস।
- ৫। সমাজ বিজ্ঞান।

(খ) বিজ্ঞান শাখা :

- ১। পদার্থ বিজ্ঞান।
- ২। রসায়ন বিজ্ঞান।
- ৩। জীব বিজ্ঞান।
- ৪। উচ্চতর গণিত।

(গ) ব্যবসায় শিক্ষা শাখা :

- ১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
- ২। হিসাব বিজ্ঞান।
- ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।

(ঘ) সকল শাখার জন্য :


- ১। কৃষি শিক্ষা।

## শর্তসমূহঃ

- ১। সকল শিক্ষক NTRCA-এর নিবন্ধন কৃত হতে হবে।
- ২। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ৩। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।<sup>৪</sup>
- ৪। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০))-শিক্ষা, তারিখ ১০ইং জুন, ১৯৮৪ পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

- ৫। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ৬। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে বিজ্ঞান বিভাগে সর্বোচ্চ ১০০ জন, মানবিক বিভাগে সর্বোচ্চ ১৫০ জন ও ব্যবসায় শিক্ষা বিভাগে সর্বোচ্চ ১০০ জন শিক্ষার্থী ভর্তি করা যাবে।
- ৭। চলতি শিক্ষাবর্ষে (২০১৮-২০১৯) উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ভর্তি করে যথাসময়ের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় ফি বোর্ডে জমা করতে হবে।
- ৮। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৯। বিজ্ঞান শাখার জন্য মান সম্পন্ন বিজ্ঞানাগার জরুরি ভিত্তিতে চালু করতে হবে।
- ১০। গ্রন্থাগারে কম পক্ষে ২০০০ (দুই হাজার) বই সংরক্ষণ করতে হবে।
- ১১। পূর্ববর্তি কমিটির মেয়াদ উত্তীর্ণের আগেই গভর্ণিং বডি গঠনের কার্য সম্পাদন করতে হবে।
- ১২। শিক্ষা বোর্ডের নির্দিষ্ট শর্ত পূরণ সাপেক্ষে প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়ে) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে।
- ১৩। উপরোক্ত শর্তসমূহ ব্যর্থ হলে এ অনুমতি পত্র প্রত্যাহার করা হবে।
- ১৪। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেওয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ১৫। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ১৬। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ১৭। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ১৮। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ১৯। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,  
মোশারফ হোসেন প্রধান মহাবিদ্যালয়  
ডাকঘর : কাউয়ামারী  
উপজেলা : পাটখাম, জেলা : লালমনিরহাট।


  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

স্মারক নং- ৬/কল/লাল/১৯৫/৪৩৭

তারিখঃ ১০/০৭/২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ।
- ৩। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, পলাশী, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, পাটখাম, লালমনিরহাট।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাটখাম, লালমনিরহাট।
- ৭। ওয়েব সাইট কপি।
- ৮। অফিস কপি।

  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।  
২০/৭/১৭

জরুরী ভিত্তিতে ইন্টারেক্টিভ ওয়েব সাইট খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইট দেখুন।